# সংবাদ

তারিখ ... 3 JAN 20 3
পৃষ্ঠা ... ৫ ... কলাম ...

## শিক্ষার বাণিজ্যিকীকরণ বিরুদ্ধে ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ হতে হবে

### --- কমরেড খালেকুজ্জামান

**নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো :** বাসদের আহ্বায়ক কমরেড খালেকুজ্জামান শিক্ষার বাণিজ্যিকীকরণের ধারায় বেতন-ফি বৃদ্ধি, শিক্ষা অধিকার সংকোচন ও ছাত্রঅধিকার ক্ষুণ্নকারী বিভিন্ন পদক্ষেপের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার জন্য ছাত্রসমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, সভ্যতা নির্মাণে প্রকৃতির সাথে মানুষের সংগ্রামের মধ্য দিয়ে যে জ্ঞান যুগ যুগ ধরে সঞ্চিত হয়েছে, তার ওপর সকল মানুষের অধিকার রয়েছে। কমরেড খালেকুজ্জামান গতকাল সকালে চট্টগ্রামে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কর্মী সম্মেলনে উপরোক্ত কথা বলেন।

ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় সভাপতি নুরুল ইসলামের সভাপতিত্বে এতে বাসদ নেতা আব্দুল্লাহ সরকার ও মুবিনুল হায়দার চৌধুরী, ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক খোকন দাস বক্তব্য রাখেন।